

106538 - ইতিকারকারীর জন্য মুসলমানদের প্রয়োজন পূরণে টেলিফোন করা জায়েয হবে কি?

প্রশ্ন

ইতিকারকারীর জন্য মুসলমানদের প্রয়োজন পূরণে টেলিফোন করা জায়েয হবে কি?

প্রিয় উত্তর

“হ্যাঁ, ইতিকারকারীর জন্য মুসলমানদের প্রয়োজন পূরণে টেলিফোন করা জায়েয; যদি টেলিফোনটি তিনি যে মসজিদে ইতিকার করছেন সে মসজিদের ভেতরে থাকে। কেননা তিনি মসজিদ থেকে বের হননি। আর যদি মসজিদের বাহিরে হয়; তাহলে তিনি এজন্য মসজিদ থেকে বের হতে পারবেন না। যদি তিনি মুসলমানদের প্রয়োজন পূরণে দায়িত্বরত ব্যক্তি হন তাহলে ইতিকার করবেন না। কেননা মুসলমানদের প্রয়োজন পূরণ করা ইতিকার করার চেয়ে গুরুত্বপূর্ণ। যেহেতু এর কল্যাণ নৈর্ব্যক্তিক। নৈর্ব্যক্তিক কল্যাণ ব্যক্তিগত কল্যাণের চেয়ে উত্তম। তবে নৈর্ব্যক্তিক কল্যাণ যদি ইসলামের ওয়াজিব শ্রেণীয় হয় তাহলে ভিন্ন কথা।”[সমাপ্ত]

[ফাযিলাতুশ শাইখ মুহাম্মদ বিন উছাইমীন (রহঃ)-এর ‘রিসালাতু আহকামিস সিয়াম ওয়া ফাতাওয়াল ইতিকার’ (পৃষ্ঠা-৩৫)]